বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩০৯ তারিখঃ ০৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস (IOSCO)-এর এশিয়া প্যাসিফিক রিজিওনাল কমিটি (APRC)-তে প্রথমবারের মতো সহ-সভাপতি (Vice Chair) পদে নির্বাচিত হয়েছেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি ২০২২-২৪ সাল সময়কালে উক্ত পদে দায়িত্ব পালন করবেন।

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনসের গুরুত্বপূর্ণ পদে বাংলাদেশের অবস্থান নিশ্চিত হওয়ায় লাভবান হবে দেশ এবং দেশের পুঁজিবাজার। সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রকসংস্থাদের নিয়ে গঠিত আন্তর্জাতিক এই প্রতিষ্ঠানে এমন অর্জন বাংলাদেশের জন্য এবারই প্রথম। উল্লেখ্য, ১৯৮৩ সালে প্রতিষ্ঠা পাওয়া ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস (IOSCO)-এর বর্তমান সদস্য সংখ্যা ২৩৩। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২০১৩ সাল থেকে IOSCO-এর সর্বোচ্চ মান 'এ' শ্রেণী'র সদস্য হিসেবে রয়েছে।



24-07-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র